গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
ত্রাণ ও পুনর্বাসন শাখা

স্মারক নম্বর: ৫১.০১.৬৫০০.০০০.৪১.০০৪.১৮- তারিখ : /০৪/২০১৯ খ্রি.

বিষয় : ২০১৮-২০১৯ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম প্রকল্পে বিভাগীয় কমিশনারের অনুকূলে ২য় পর্যায়ে বরাদ্দকৃত নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৬/০১/২০১৯খ্রি. তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.১৬৮.১৯-০৪ নম্বর স্মারক।
২। খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ের ২৩/০৪/২০১৯ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০১.১৬.০০১.১৯-১৮৯ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত বিভাগীয় কমিশনারের অনুকূলে ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত টাকা হতে নড়াইল জেলার নিম্নবর্ণিত ৪টি প্রকল্পের নামের পার্শ্বে বর্ণিত পরিমাণ টাকা উপ-বরাদ্দ প্রদান করা হলো। এই ব্যয় বাজেটের অন্তর্ভূক্ত কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করতে হবে।

| ক্রমিক | উপজেলার নাম | প্রকল্পের নাম | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১. | নড়াইল সদর | নড়াইল সদর উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি ৬০ WP সোলার স্ট্রিট লাইট | ৫৬,৪৯০/- (ছাপান্ন হাজার চারশত নব্বই) টাকা |
| ২. | নড়াইল সদর | শেখপাড়া জামে মসজিদ, দত্তপাড়া ৬৫ WP একটি সোলার প্যানেল স্থাপন, কমলাপুর এতিমখানা সংলগ্ন জামে মসজিদে ৫০ WP একটি সোলার প্যানেল স্থাপন এবং লস্কারপুর দক্ষিণপাড়া বিলপাড়া জামে মসজিদে ৫০ WP একটি সোলার প্যানেল স্থাপন (আউড়িয়া) | ৬৫,৩১০/- (পঁয়ষট্টি হাজার তিনশত দশ) টাকা |
| ৩. | লোহাগড়া | লক্ষীপাশা চৌরাস্তায় একটি ৬০ WP সোলার স্ট্রিট লাইট স্থাপন | ৫৬,৪৯০/- (ছাপান্ন হাজার চারশত নব্বই) টাকা |
| ৪. | কালিয়া | কালিয়া উপজেলা পরিষদ জামে মসজিদ এবং দেবদুন দক্ষিণপাড়া জামে মসজিদে সোলার প্যানেল স্থাপন | ৮১,২০০/- (একাশি হাজার দুইশত ) টাকা |
| | | মোট= | ২,৫৯,৪৯০/- (দুই লক্ষ উনষাট হাজার চারশত নব্বই) টাকা |

১. গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির সর্বশেষ অনুমোদিত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সংশ্লিষ্ট টিআর প্রকল্প বাস্তবায়নের সর্বশেষ নির্দেশিকার অনুশাসনাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩. পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে কর্মসূচির সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
৪. নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে;
৫. প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন ও অপচয় রোধকল্পে উপযুক্ত প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলো তদারকি করতে হবে;
৬. প্রকল্প বাস্তবায়ন হওয়ার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পগুলো যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে এরূপ প্রত্যয়নসহ চূড়ান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;

চলমান পাতা-২